তারিখ ... 18 SEP 2017 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৮ ...

# সরিষাবাড়ীতে অধ্যক্ষের কক্ষে পুলিশের তালা

■ সরিষাবাড়ী (জামালপুর) প্রতিনিধি

জামালপুরের সরিষাবাড়ীতে চেয়ার দখলকে কেন্দ্র করে পৌর বাউসী বাঙ্গালী স্কুল অ্যান্ড কলেজ অধ্যক্ষের কক্ষে তালা ঝুলিয়ে দিয়েছে পুলিশ। দুই অধ্যক্ষের সংঘাতের আশঙ্কায় রোববার দুপুরে পুলিশ এ পদক্ষেপ নেয়।

বিদ্যালয় পরিচালনা কমিটি ও পুলিশ সূত্রে জানা যায়, সরিষাবাড়ী পৌর এলাকার বাউসী বাঙ্গালী স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ হিসেবে শফিকুল ইসলাম দুলাল দায়িত্ব পালন করে আসছিলেন। কিছুদিন আগে বিদ্যালয়ের নানা অনিয়ম ও দুর্নীতির অভিযোগ এনে তাকে দায়িত্ব থেকে বের করে দেয় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। এ ঘটনায় চাকরি ফিরে পেতে আদালতে মামলা করেন অধ্যক্ষ শফিকুল ইসলাম দুলাল। এরই মধ্যে বাউসী বাঙ্গালী স্কুল অ্যান্ড কলেজের ম্যানেজিং কমিটি নতুন অধ্যক্ষ গোলাম মোস্তফা নামের একজনকে নিয়োগ দেয়। নিয়োগপত্র পেয়ে গত ৭ সেপ্টেম্বর বিদ্যালয়ে যোগদান করেন গোলাম মোস্তফা। স্কুল অ্যান্ড কলেজের সাবেক অধ্যক্ষ শফিকুল ইসলাম দুলালের পক্ষে দায়ের করা মামলায় আদালত ম্যানেজিং কমিটিকে দুই মাসের মধ্যে কেন তাকে চাকরিচ্যুত করা হয়েছে জবাব চেয়ে নোটিশ দেন। ওই নোটিশের পরিপ্রেক্ষিতে সাবেক অধ্যক্ষ শফিকুল ইসলাম দুলাল বিদ্যালয়ে গিয়ে দায়িত্ব পালন করতে চেয়ারে বসেন। এ নিয়ে কলেজে দুই অধ্যক্ষের মধ্যে উত্তেজনা ও সংঘর্ষের আশঙ্কা বিরাজ করে। পরে খবর পেয়ে সরিষাবাড়ী থানার এসআই আসাদুজ্জামান আসাদ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে অধ্যক্ষের কক্ষে তালা ঝুলিয়ে দেন।

বাউসী বাঙ্গালী স্কুল অ্যান্ড কলেজ ম্যানেজিং কমিটির অভিভাবক সদস্য মনছুর আলী জানান, সাবেক অধ্যক্ষ শফিকুল ইসলাম দুলাল ভাড়াটিয়া ক্যাডার নিয়ে চেয়ার দখল করতে এসেছিল। সংঘাত এড়াতে অধ্যক্ষের কক্ষে তালা ঝুলিয়ে দেওয়া হয়েছে। বর্তমানে বিদ্যালয় পরিচালনা করার জন্য শিক্ষক রবিউল ইসলামকে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে।

এ ব্যাপারে জানতে চাইলে বাউসী বাঙ্গালী স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) রবিউল ইসলাম বলেন, দুই অধ্যক্ষের চেয়ার দখলকে কেন্দ্র করে সংঘাতের আশঙ্কায় পুলিশ তালা ঝুলিয়ে দিয়েছে। আদালতের চলমান মামলা শেষ না হওয়া পর্যন্ত দু'জনের মধ্যে কেউ দায়িত্ব নিতে পারবেন না।


ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর